দৈনিক বাংলা

১৫৮৭।

তারিখ 22 OCT 1993
পৃষ্ঠা ৫ কলাম ৪

# ঢাকা ভার্সিটির পরীক্ষার স্থগিত ফল

গত ১৬ই অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন বিষয়ের মাষ্টার্স ডিগ্রী (সনাতন) শেষ পর্বের ফলাফল প্রকাশ করা হয়েছে। কিন্তু ফলাফল দেখতে গিয়ে দেখা গেল, প্রত্যেক বিষয়েরই দু/একটি রোল নং তদন্তের কারণে স্থগিত রয়েছে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের জন্য একে দুঃখজনকই বলতে হবে। দীর্ঘদিন তারা সেশন জটে ভুগেছে। পরীক্ষার ফল প্রকাশেও ৮/৯ মাস লেগেছে। এতে তারা কম ক্ষতিগ্রস্ত হয়নি। তার পরেও যদি স্থগিত ফলাফল তদন্তের জন্য আরও ৩/৪ মাস সময় লেগে যায় তা হলে তাদের মূল্যবান শিক্ষা জীবনের আরো একটি বৎসরই কি শেষ হয়ে যাবে না? এ অবস্থায় কর্তৃপক্ষ চূড়ান্ত ফলাফল প্রকাশের আগেই কি ছোটখাট ভুলগুলো তদন্ত করে একই সাথে ফল প্রকাশ করতে পারতেন না? তা করলে ছাত্রছাত্রীরা অহেতুক দুর্ভোগ ও হয়রানি থেকে রেহাই পেতো। এবং যেসব পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে ঘোষণা করা হবে তারা আগামী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারতো।

মাননীয় পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে তাই অনুরোধ, বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করে স্থগিত রোল নংগুলোর ফল অবিলম্বে প্রকাশ করা হোক।

শফিক/সাহেদ
জগন্নাথ কলেজ, ঢাকা
ও
আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ।